

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৮৫.১২.১৪৫

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

বিষয়: বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবন পরিত্যক্ত ঘোষণার প্রশাসনিক অনুমোদন।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা-এর স্মারক নং-৫৭৪; তারিখ: ০৩ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জেলা কনডেমনেশন কমিটির সভার সুপারিশ/প্রস্তাব অনুযায়ী বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা পরিষদের নিম্নোক্ত ভবনসমূহ নিট প্রাক্কলিত মূল্যে অথবা সর্বোচ্চ দর নিশ্চিত করে এ সংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সার্কুলার যথাযথভাবে অনুসরণপূর্বক নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

উপজেলা ও জেলার নাম	ভবনের নাম
পাথরঘাটা, বরগুনা	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন।
	অফিসার্স কোয়ার্টার্স ভবন-১ (লক্ষণ ভিলা)।
	অফিসার্স কোয়ার্টার্স ভবন-২ (সামাদ ভিলা)।
	অফিসার্স কোয়ার্টার্স ভবন-৩ (কনক ভিলা)।
	ডরমিটরি ভবন।
	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পশ্চিম পার্শ্বে ঝুঁকিপূর্ণ ২টি ভবন।
	উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ইউটিডিসি ভবনের পশ্চিম পার্শ্বে পরিত্যক্ত একটি দোতলা ভবন।
	উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ইউটিডিসি ভবনের পশ্চিম পার্শ্বে পরিত্যক্ত গুদাম ভবন।
	উপজেলা পরিষদের অভ্যন্তরীণ পুকুরের পূর্ব পার্শ্বে সামজসেবা অফিসের সেমিপাকা ভবন।
	উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের দক্ষিণ পার্শ্বে সেমিপাকা পরিত্যক্ত ভবন।



১৩-১০-২০২১

মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব

জেলা প্রশাসক, বরগুনা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৮৫.১২.১৪৫/১(৮)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ২) উপপরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
- ৩) উপসচিব, উপজেলা -২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।